



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৬/১৬৩৬

তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০১৭

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সকল শিক্ষার্থী প্রথম পর্যায়ে প্রাথমিক আবেদন করতে সক্ষম হয়নি তাদের অনলাইনে আবেদন ফরম পূরণ ও তৎপরবর্তী রিলিজ স্লিপে ভর্তির আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী প্রথম পর্যায়ে প্রাথমিক আবেদন করেনি, সে সকল প্রার্থী ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ বিকাল ৪টা থেকে ০৪ মার্চ ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) থেকে আত্মহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করতে হবে। প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে প্রার্থীকে স্বাক্ষর করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রয়োজনীয় কাগজ পত্র সংশ্লিষ্ট কলেজে ০৫ মার্চ ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। কলেজ কর্তৃক এ ধরনের প্রার্থীদের প্রাথমিক আবেদন অনলাইনে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

এ সকল নতুন প্রাথমিক আবেদনকারীদের কোন মেধা তালিকা প্রকাশ করা হবে না তৎপরবর্তীতে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ ধরনের প্রার্থীদের আবেদন অনলাইনে নিশ্চয়ন না করা হলে তারা রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে পারবে না। রিলিজ স্লিপের অনলাইন আবেদনের সময়সূচি পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) মাধ্যমে জানানো হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Professional tab এ Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।	২৮/০২/২০১৭ থেকে ০৪/০৩/২০১৭
২।	প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রয়োজনীয় কাগজ পত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজ/প্রতিষ্ঠানে জমা দেয়ার সর্বশেষ তারিখ	০১/০৩/২০১৭ থেকে ০৫/০৩/২০১৭
৩।	কলেজ/প্রতিষ্ঠান কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ	০১/০৩/২০১৭ থেকে ০৬/০৩/২০১৭
৪।	কলেজ/প্রতিষ্ঠান কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ প্রার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ [কলেজ/প্রতিষ্ঠানকে Login এর মাধ্যমে Application Payment Info (Honours Professional) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	০৭/০৩/২০১৭ থেকে ০৯/০৩/২০১৭

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্বেরা খানম)

ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

সদস্য সচিব, স্নাতক ভর্তি পরিচালনা মূল কমিটি, ২০১৬-২০১৭

ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৬/১৬৩৬

তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪